# আমার বন্ধু হবে? আমি...

আমি অরকূটে আছি আজ একবছর হল। আমার বন্ধু হবার আগে আমার সম্পর্কে জেনে নাও ভাল করে।

আমি রাতে কাজ করি। আমি রাতের মোহিনী রূপ দিনের আলোর থেকে বেশি ভাল বাসি। আমি ভাল বাসি রাতে কাজ করতে। আমি এক অসামাজিক বিদ্রোহীনি। আমি রাজনীতি বুঝিনা – বুঝতেও চাইনা। রাজনীতির পাঁক আমাকে শত চেস্টা করেও কলুষিত করতে পারেনি। সেই কবে থেকে এই অন্তহীন প্রতিযোগীতা চলছে। আমি এখন ২৪ নম্বর বর্ষায় ভিজছি। খুব ছেলেবেলায় যৌথ পরিবারের রাজনীতি, তারপর স্কুলে বা কলেজে কোথাও রাজনীতির বিষাক্ত বাতাস আমার নাকে প্রবেশ করেনি – কারণ আমি ফিল্টার ব্যবহার করে থাকি! কি রকম? সে আমার সিক্রেট। সঙ্খ্যা তত্বের নামে আমার গায়ে জ্বর আসে। অঙ্কে পাশ করার কথা আমি সম্পূর্ণ সুস্থ অবস্থায়ও কোনওদিন ভাবিনি কিন্তু কি করে জানি না আমি মোটামুটি ৬০–৭০ নম্বর পেয়ে যেতাম আর আমি নিজেই তা নিয়ে হাসাহাসি করতাম। আমার বাবা ও মায়ের যৌথ উদ্যোগ আমাকে অঙ্ক ভালবাসতে শেখাতে পারেনি। তাঁরা দুজনেই শিক্ষকতার পেশায় আছেন। দুঁজনেই অঙ্কে পি এইচ ডি। অঙ্ক হল রাজনীতির অদৃশ্য হাতিয়ার আর আমি রাজনীতিকে – থাক যা মনে আসছে তা লেখা যাবেনা – এক কথায় আমি রাজনীতিকে ঘৃণা করি।

আমি টানা তিন দিন ধরে একটানা বই পড়তে পারি – ভালবাসি। আমি সাহিত্য নিয়ে অনর্গল আলোচনা করে যেতে পারি – কাউকে বোর না করে – কথা দিচ্ছি। সাহিত্য বা তার ইতিহাস আমার মনে নেশা ধরায়। যে কোন ভাষার সাহিত্য আমি উদ্ধার করে নিতে পারি। যদিও অনুবাদের ঘী একটু কম খাঁটি হয়ে পড়ে তবুও আমি কাজ চালিয়ে নিই তবে বাংলা, হিন্দি, ইংরেজী এই তিন ভাষায় আমি বেশ সহজ। সাহিত্য নিয়ে আমি একা থাকতে পারি। দয়া করে লিখতে বলোনা আমাকে – আমি খুব খারাপ লিখি। সাহিত্য আমার অন্তরমহলে অন্তরীন প্রেম। তাকে ভালবাসি কিন্তু ছুঁতে পারিনা তাই লিখতে পারিনা।

আমি ধর্মে বিশ্বাস করিনা। ঠিক বলা হল না। আমি ধর্মের বেসাতি করা দোকান গুলো বন্ধ করে দিতে চাই বিশ্বাস করাতো দুরের কথা। এটা আমার ব্যাক্তিগত মতামত। যে কোনও ধর্মের জন্যেই আমার চিন্তা এক রকম। ধর্ম মানুষকে বিভাজিত করে এসেছে সেই আদিম যুগ থেকে – এই ব্যাপারে আমি কোনও নতুন তত্ব বা তথ্য গ্রহন করতে নারাজ। আমি মেয়ে। আমি তনয়া। আমি নারী। আমার নাকি ধর্মে মতি না হলে সমাজে বাঁচা মুস্কিল কিন্তু আমি দিব্য আছি – বেশ সুখে আছি।

আমি আলাদা তো শুরুতেই বলেছি – আমি রাতে কাজ করতে ভালবাসি। আমি দিনে ঘুমাই আর রাতে কাজ করি। আমার রূপ দেখে শুধু পুরুষ নয় নারীও ফিদা হয়ে থাকেন। প্রখ্যাত ফিল্ম ডায়রেক্টার আমাকে অডিশানে ডেকেছিলেন এক চটুল দুধওয়ালীর চরিত্রে অভিনয় করার জন্য – আমি সেই দুধের গেলাস উলটে দিয়েছিলাম কারণ সেখানে রাজনীতি একা নয় সঙ্গে ধর্মের আফিংওয়ালারাও ছিল।

আমি কার্টুন দেখতে খুব ভাল বাসি। কি রকম ভাল বাসি তার একটা উদাহরন দিই। আমার মাসতুত দিদির বিয়েতে গিয়ে আমি মাসির বাড়ির কেয়ারটেকার যাকে আমি চিনতাম না তার ঘরে গিয়ে লুকিয়ে লুকিয়ে সব কার্টুন চ্যানেল গুলো দেখেছি বাড়ির লোকেদের টনক না নড়া পর্যন্ত। আমি সারা পৃথিবীর সব কার্টুন এর বই, সিডি, ভিসিডি, ডিভিডি ও চ্যানেল বিষয়ে নিজেকে আপডেট করে রাখি – কি জানি যদি কিছু মিস হয়ে যায়! তবে আমি কার্টুনে পর্ণগ্রাফী দেখিনা – আমার অমন মানসিক বিকৃতি নেই। আর সবই তো প্র্যাক্টিক্যাল করা যায় তাই আমি এই সব থেকে দূরেই থাকি। আমি রাতে কাজ করি – দিনে ঘুমাই।

আমি সিনেমা হলে বসে শীস দিয়ে গান করতে করতে সিনেমা দেখি আর ছেলেরা আমাকে দেখে। ওরা আমাকে আওয়াজও দেয় আর আমি আমার শীস দেওয়া আর সিনেমা দেখায় মন দিই তখন। আমি ভুলভাল লোকের ওপর চেঁচাই, অভিশাপ দিই প্রায় রোজই। তবে আমি কুকথা বা গালি গালাজ করিনা। ওটা আমার রুচি বিরুদ্ধ।

আমি বৃস্টি ভাল বাসি। বৃস্টির জল ছলাত ছল আমার প্রিয় ছন্দ। আমি একা একাই বৃস্টিতে ভিজে থাকি কারণ আমার মত বৃস্টি ভালবাসে এ'রকম কাউকে আমি চিনিনা। আমি কারও জন্য অপেক্ষা করতে চাইনা বা করিনা কিন্তু আমি আমার বন্ধু বা অন্যদের ঘন্টার পর ঘন্টা অপেক্ষ করিয়ে থাকি। কেউ কিছু বললে আমি এক গাল হেসে 'সরি' বলি আর সবাই আমাকে কাছে টেনে নেয় – কেন জানিনা! আমি টাইটানিক – দ্য মুভি – এক দম পছন্দ করিনা – আমি সবার সামনে বলছি 'আই হেট টাইটানিক – দ্য মুভি' – কেউ খারাপ পেলে বা রেগে গেলে আমি আমার মত পরিবর্তন করছিনা। তবে আমি খুব সিনেমা দেখি। 'ব্ল্যাক' বা 'বীর-জারা' বা 'স্বদেশ' বা 'রেণ-কোট' সিনেমা গুলো দেখে আমি অনেক কিছু শিখেছি – সিনেমা আমার কাছে সব চেয়ে শক্তিশালী শিক্ষার মাধ্যম। অপর্ণা সেন, মীরা নায়ার, দীপা মেহেতা, সঞ্জয় লীলা বনশালী, যশ চোপড়া এদের সবার আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়া উচিত – কবে যে গোবর পোরা মাথা গুলোতে একটু বুদ্ধি হবে – কে জানে!

আমি যাদের ভালবেসেছি তারা কেউই আমাকে ভালবাসেনি। যারা আমাকে ভালবাসে তারা কেউই আমার কাছ থেকে সাড়া পায়নি – ভালবাসা একমূখী – ভালবাসা জলের মত এক দিকেই চলে বলে আমার বদ্ধমূল ধারণা। তাই আমাকে কেউ ভালবাসার কথা বললে আমি আগে থেকেই তাকে সতর্ক করে দিই যাতে পরে কস্ট না হয় কারণ আমি ভালবাসার ধর্ম ও তার পাকাপাকি বাসা কোথায় জানি। আমিও কাউকে ভালবেসে আশা করিনা – বরং আরও ভালবাসি। বেশ গোলমেলে – তাই না? ওই যে শুরুতেই বলেছি আমি অঙ্কে কাঁচা আর আমি অঙ্ক করে বাঁচতে চাইনা। আমি এক ভগ্ন-হৃদয়া – হার্ট ব্রেক - তবে আমি অনেক বেশি হার্ট ব্রেক এর কারণ – আমি তা জানি। আমি এখনও আস্ত আছি – বিন্দাস – কিন্তু আমার কাছ থেকে প্রত্যাখাত হয়ে ভগ্নহৃদয় এর সঙ্খ্যা অনেক বেশি – আমি জানি – দেখিতো তাদের – কেমন যেন তাড়াতাড়ি মরার চেস্টা করে যাচ্ছে ওরা।

আমি রক মিউজিক ভাল বাসি। আমি রকস্টার দের সমালোচনা এক্কেবারেই পছন্দ করিনা। আধুনিক হু হা ব্যার্থ নকল মিউজিকে আমার এলার্জী। যারা রক মিউজিক এর বদনাম করে তাদের আমি করুণা করি। কারণ তারা মনে করে রক মিউজিক ছেলেদের ব্যাপার – তারা জানেইনা রক এর মধ্যে কি মাদকতা আছে আর আমি মাদকতা ভালবাসি। মেয়েরা কি ছেলেদের থেকে কিছু কম যায় নাকি মাতাল হওয়ার ব্যাপারে? আমি রাতে কাজ করি – দিনে ঘুমাই।

আমি চায়ের থেকে কোক বেশী পছন্দ করি। আমার মন খারাপ হলে আমি একা ঘরের দরজা বন্ধ করে কাঁদি। আমার চোখের জল শুধু আমার – আমি কাউকে এর ভাগ বা ভার দিতে চাইনা – কেউ চাইলেও না। আমি সোজা বলে দিই যদি কেউ ক্যাবলামী করে আমার সামনে – কট্টর ও হতে পারি এই ব্যাপারে। কঠোরতা ও নারীসুলভ প্রগলভতা (rude & bitching) আমার অজানা নয় – সেটাও আমি বেশ ভালই আয়ত্ত করেছি কিন্তু আমি বেশ সযত্নে তাদের তুলে রাখি। পুরুষ নিজেকে বেশি চালাক মনে করলে আমি ময়দানে নামি আর তখন পুরুষের অদৃশ্য লজ্জা বোধও তাকে বাঁচাতে পারেনা। তবে আমি খুব শান্ত এমনিতে। আমি রাত্রিকে বেশি চাই - দিনের থেকে অনেক বেশি।

আমি শুধু মাখন আর পাঁউরুটি খেয়ে সারাদিন কাটিয়ে দিতে পারি – এমনকি সারা জীবনও চালাতে পারি মাখন আর পাঁউরুটি খেয়ে। আমার ওজন বাড়লে আমি নির্দ্বিধায় তাকে গ্রহন করি – নিজেকে আয়ানায় আদর করি – মোটা হবার কোনও ক্লেশ নেই – তবে আমি আবার ঝরেও যাই – আজকাল আমার ওজন বাড়তির দিকে - আমি রাতে কাজ করি দিনে ঘুমাই। আমাকে অনেকে স্বার্থপর বলে

থাকে – আমি আমার  নিজেরটা বুঝি কিন্তু কারও থেকে আমি কিছু ছিনিয়ে নিইনা আর তা আমি ঘৃণা করি। আমি অন্যের কোন জিনিস ছুঁয়েও দেখিনা।

আমার ইচ্ছে হলে আমি হেসে উঠি – লুটিয়ে পড়ি হাসতে হাসতে – সে হাসি থামেনা সহজে। আমি সং এর মত সাজতে পারিনা – আমার মনে হয় রঙ চং মেখে সাজলে কেমন হারিয়ে যাই আমি। পার্টিতে আমি সর্বাংগ আবৃতা হয়ে যাওয়ার জন্যে সুপরিচিতা। তবে তাতেও ছাড় নেই - সবার চোখ আরও বেশি কিছু খোঁজে তখন। আমার আরও একটা সুনাম আছে – আমি যা ছুঁই তাই শেষ হয়ে যায় – নস্ট হয়ে যায়। আমি নাকি মাঙ্গলিক – জ্যোতিষীরা বলে – আমি মানিনা ওসব। আমি জানি আমার মনে কোনও খেদ নেই – আমি আজ অবধি যা করেছি সেই সব আমি স্বীকার করি – কোনও দুঃখ, খেদ বা জ্বালা নেই আমার মনে। আর নেই নিজেকে সঠিক প্রমান করার তাগিদ। আমি চেঁচালে বাড়ির ছাদে কাক চিল বসেনা – বসতে পারেনা। আমার গলা তার সপ্তকে গেলে লোকে বোঝে যে কিছু একটা ঘটেছে যা সামলানো তাদের আয়ত্বের বাইরে। আমি আমার বন্ধুদের পাশে সব সময় থাকি। আমার বন্ধুরা আমার আপন। আমি যখন চলি তখন মনে করি এই পৃথিবীটা আমার। আমার পুরুষ – সে যেই হোক – আমি তার সাথেই থাকব – আমি আমার ভালবাসার পুরুষকে সর্বদা আগলে রাখব।

আমি ঘন ঘন বদলে যাই। আমার ঘন ঘন মুড চেঞ্জ হয় - আর সবার হয় কি? আমি দেবী আজ তো কাল ডাকিনী। আমি মাঝ রাতে একা একা ড্যান্স ফ্লোরে একটা স্পট লাইটের নিচে নাচতে ভালবাসি। আমাকে মাতাল করে এই ভাবনা। আমি মদ্যপান করাকে ঘৃণা করি কিন্তু আমি সোমরস ছোট ছোট চুমুকে পান করতে খুব ভাল বাসি। আমি প্রায়ই হতাশার হাতে নিজেকে সঁপে দিই – আবার নিজেকে সেখান থেকে বের করে আনি একা একাই। সায়কিয়াট্রিস্টদের শ্যেন দৃস্টি এখনও পড়েনি আমার ওপর আর আমি তাদের থেকে দুরেই থাকব। আমাকে কেউ অনুকম্পা দান করলে আমি তাকে তার বদলে কড়া কড়া ‘ভাষন-বড়ি’ গিলিয়ে ছাড়ি।

আমি চুল আঁচড়ানো একদম পছন্দ করিনা – এটা একটা বাহুল্য – তাই আমি প্রায়ই চুল কাটতে সালোনে যাই। আমাকে দেখেতে কেমন এই নিয়ে আমার কোনও মাথাব্যথা নেই। আমি নিজের ব্যাপারে বেশ সপ্রতিভ। আমি যখন কস্টে থাকি তখন ‘বেশ ভাল আছি’ মার্কা হাসি নিয়ে চলতে পারি – বেশ পারদর্শী আমি এই ব্যাপারে। আমি ভালাবাসার মানুষদের আঘাত করেছি বার বার। আমার এই বি-পি-ও তে কাজ করা আমার মা বাবা’র অমতে – আমি তাদের দুঃখ্ দিয়েছি – দিয়ে থাকি। আমি আজও বুঝিনা আমার মা বাবা আমাকেই চেয়েছিলেন না কি আমি এসে পড়েছিলাম! কিন্তু আমি ওঁদের খুব ভালবাসি। আমি অরকুটে কেন আসি? এখানে কিছু বন্ধু আছে যাদের আমি দেখিনি, যাদের

পাঠান ছবি ঠিক তাদেরই ছবি কি না জানিনা। তাই নিজের বিশ্বাস করার ক্ষমতা আছে এটা খুঁজে পাই। এই অদেখা অজানার সাথে সম্পর্ক রাখা বা বন্ধুত্ব করা বেশ মজার লাগে আমার। আমি নেট এর কোনও বন্ধুর সাথে প্রেম বা বিয়ে করার কথা ভাবিনা। যদি তা ঘটে তবে তার আগে অনেক পরিবর্তন ঘটার দরকার আছে আমার মধ্যে। আর সেটা প্রায় অসম্ভব। আমি নিজেকে জানার জন্য বা বোঝার জন্য মাইলের পর মাইল হাঁটতে পারি। কিন্তু হাঁটিনা। আমি কখনই নিজের কথা বলে শেষ করতে পারিনা – আমি আরও অনেক কিছু – আমি নিজের ক্ষমতা, শক্তি বা প্রাচুর্য কোনও কিছুরই পরিমাপ করতে পারিনা – চেস্টাও করিনা।

আমি রাতে কাজ করি – দিনে ঘুমাই। আমি সীমাহীন। আমার বন্ধু হবে? আমি অসীমা।

অসীমা নিশিগন্ধা
মুম্বাই